UCB

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

নিউ ইস্কাটন শাখা, ৪, নিউ ইস্কাটন রোড, ওয়াক্ফ ভবন, ঢাকা-১০০০

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স এ্যাসকো ইন্টারন্যাশনাল, মালিক - মোঃ সায়েদুল হক সাঈদ, পিতা- মৃত আলহাজ্ব মফিজ উদ্দিন ওরফে মোঃ মহফিজ উদ্দিন, মাতা- রাবেয়া খাতুন, বর্তমান ঠিকানাঃ বাড়ী নং-৪৩/এইচ, রোড নং-৪, ব্লক-ডি, বসুন্ধরা আ/এ, থানা-ভাটারা, জেলা-ঢাকা, স্থায়ী ঠিকানাঃ গ্রাম-চিলোকুট, পোঃ-বড়াইল, থানা-ব্রাক্ষনবাড়ীয়া সদর, জেলা- ব্রাক্ষনবাড়ীয়া, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, নিউ ইস্কাটন শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসেবে নিম্ন তফসিলের সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৬/১১/২০১৬ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ৭,৫০,৯০,৪৮৪/- (সাত কোটি পঞ্চাশ লক্ষ নব্বই হাজার চার শত চুরাশি) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্ল্যেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

নিলামের শর্তাবলী

(১) আগামী ২২/০১/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইস্কাটন শাখা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০%এর সম পরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার মারফত ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, **নিউ ইস্কাটন শাখা**র অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরপত্র দাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং অনুরূপ নিয়মে পরিশোধে ব্যর্থ হইলে অর্থঋণ আদালত আইন (সংশোধনী), ২০১০ এর ৩৩(২) ধারানুযায়ী জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন - রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভুমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্রদাতাগন তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১নং তফসিলঃ জমির পরিমান : ৬৬.০০ শতাংশ (৩৭.০০ + ২৯.০০)

জেলা-গাজীপুর, থানা-কালিয়াকৈর, মৌজা - ভান্নারা, সাব-রেজিস্ট্রার অফিস - কালিয়াকৈর, গাজীপুর, জে. এল নং - সি.এস.-৪১২, এস.এ - ১৭৫, আর.এস. - ১৭৩, খতিয়ান নং - সি.এস.-২২, ৩৪, ৭৪ এবং ৮৪, এস.এ- ৮৫, ১০৭, ১৮৮ এবং ১৭৩, আর.এস.- ৯৬, ১১৩, ১১৪ এবং ১১০, দাগ নং - সি.এস.এবং এস.এ.- ৩০৫, ৩০৬, ৩০৭ এবং ৩০৮, আর.এস.- ৮৭৬, ৮৭৭, ৮৮৬ এবং ৮৮৭, গ্রাম- ভান্নারা, ইউনিয়ন- মৌচাক, থানা/উপজেলা-কালিয়াকৈর, জেলা-গাজীপুর এর ৬৬.০০ শতাংশ (৩৭.০০ + ২৯.০০) জমিসহ ০২ (দুই) তলা ফ্যাক্টরী ভবন (৩২,০০০ বর্গফুট), স্বত্বাধিকারীঃ মোঃ সায়েদুল হক সাঈদ যাহার চৌহদ্দিঃ উত্তরে: ৮৭৭ ও ৮৭৬ দাগের জমি, দক্ষিনে: চৌধুরী বদর উদ্দিন, পূর্বে:রাস্তা এবং পশ্চিমে:জিয়াউল ইসলাম ও আনিস সাহেব।

২নং তফসিলঃ জমির পরিমান : ২৬.০০ শতাংশ

জেলা-গাজীপুর, থানা-কালিয়াকৈর, মৌজা - ভান্নারা, সাব-রেজিস্ট্রার অফিস - কালিয়াকৈর, গাজীপুর, জে. এল নং - সি.এস. এবং এস.এ.-৪১২, আর.এস. - ১৭৩, খতিয়ান নং - সি.এস.-৩৪ এবং ২২, এস.এ- ৮৫ এবং ১০৭, আর.এস.- ৯৬, ১১১ এবং ১১৩, দাগ নং - সি.এস.এবং এস.এ.-৫৭৫, ৫৭৭ এবং ৫৮২, আর.এস.-১১৯৫, ১১৮৬ এবং ১১৯৪, জোত নং ৯৩৩ ও ৯৫০, মোট জমির পরিমান ২৬.০০ শতাংশ জমি ও তদুপরিস্থিত স্থাপনাদি।

ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইস্কাটন শাখা, ঢাকা।